৭০।

দৈনিক বাংলা

তারিখ 21 OCT 1995
পৃষ্ঠা ৭ কলাম

# রাজশাহী বোর্ড এইচএসসির ফল প্রকাশ ঃ পাসের হার ৫০.৫৭

**রাজশাহী অফিস ঃ** রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফল শুক্রবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৫০ দশমিক ৫৭ ভাগ।

এবার ১ লাখ ১৫ হাজার ২শ' ৬৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ১ হাজার ১শ' ৪৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। এর মধ্যে ৮ হাজার ২শ ৯ জন প্রথম বিভাগ, ৩৭ হাজার ৩শ' ২৮ জন দ্বিতীয় বিভাগ এবং ১০ হাজার ১শ' ৬৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৫৫ হাজার ৭শ' জন।

বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি গ্রুপে ১৯ হাজার ৭শ' ৮৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ হাজার ৪শ' ৯০ জন প্রথম বিভাগ, ৬ হাজার ৮শ' ৪২ জন দ্বিতীয় বিভাগ এবং ৭শ' ৪১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৬১ দশমিক শূন্য তিন ভাগ। এ গ্রুপে শতকরা ৬০ দশমিক ৫৭ ভাগ পুরুষ এবং ৬২ দশমিক ৯৬ ভাগ মহিলা উত্তীর্ণ হয়েছেন। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ১২ হাজর ৭৩ জন।

মানবিক, ইসলামিক স্টাডিজ ও সঙ্গীত গ্রুপে ৭৯ হাজার ১শ' ৯৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ হাজার ৩শ' ৮ জন প্রথম বিভাগ, ২৬ হাজার ৯শ' ৮৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৭ হাজার ৮শ' ৫৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৪৮ দশমিক ১৭ ভাগ। এ গ্রুপে শতকরা ৪৬ দশমিক ০৮ ভাগ পুরুষ এবং ৫১ দশমিক ৬৭ ভাগ মহিলা উত্তীর্ণ হয়েছেন। এ গ্রুপে মোট

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## এইচএসসি ঃ রাজশাহী

(প্রথম পৃষ্ঠার পর)

উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৩৮ হাজার ১শ ৫১ জন।

বাণিজ্য গ্রুপে ১১ হাজার ১শ' ৬৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৪শ' ১১ জন প্রথম বিভাগ, ৩ হাজার ৪শ' ৯৯ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ৫শ' ৬৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৪৯ দশমিক শূন্য পাঁচ ভাগ। এ গ্রুপে শতকরা ৪৮ দশমিক ৭০ ভাগ পুরুষ এবং ৫৩ দশমিক ৩৩ ভাগ মহিলা উত্তীর্ণ হয়েছেন। এ গ্রুপে মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৫ হাজার ৪শ' ৭৬ জন।